

নং-৪৬.০০.১৩০০.০৪২.১৪.০৮০.১৭(১).১১৪২—

তারিখঃ ০৭ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ  
২১ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ চাঁদপুর জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ চাঁদপুর জেলা পরিষদের স্মারক নং- ৪৬.৪২.১৩০০.১০২.১৬.০০২.১৮.১৯৮, তারিখঃ ৯/৫/২০১৮।

চাঁদপুর জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় ৪,০৯,২০,০০০/-গৃহীত ২০৯টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-২১, ১৬২, ১৬৩ এ বর্ণিত প্রকল্প ৩টি ব্যতীত ৪,০৫,২০,০০০/- (চার কোটি পাঁচ লক্ষ বিশ হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ২০৬টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহ:

- ১) পিপিআর ২০০৮- এর বিধি-বিধান অনুসরণ পূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) ৫.০০ লক্ষ বা তদূর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, চাঁদপুর কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৩) দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে "জেলা পরিষদ চাঁদপুর এর সৌজন্য/অর্থায়নে বাস্তবায়িত" বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।
- ৭) নলকূপসমূহ বিভিন্ন ব্যক্তির বাড়িতে স্থাপন না করে সর্বসাধারণ যাতে সুপেয় পানির সুবিধা ভোগ করতে পারে এরূপ স্থানে স্থাপন করতে হবে;
- ৮) সেলাই মেশিন যুব উন্নয়ন ও মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে প্রশিক্ষণ প্রাপ্তদের মাঝে বিতরণ করতে হবে; তবে সুবিধাভোগীগণ ইতোপূর্বে অন্য কোন সরকারি প্রতিষ্ঠান হতে সেলাই মেশিন গ্রহণ করেনি মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- ৯) স্থানীয় সরকার বিভাগের ১২/০৪/২০১৮ তারিখের ৫৫৫ নং স্মারকে বর্ণিত নির্দেশনা অনুযায়ী রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ৪০ শতাংশের বেশী প্রকল্প পিআইসি (প্রকল্প বাস্তবায়ন কমিটি) মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J.M. in  
21/06/2018  
(ড. জুলিয়া মর্দীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, চাঁদপুর।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
- ৫। সিনিয়র সুবিচার সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।